যে ব্যক্তি ইলম শেখার উদ্দেশ্যে বের হলো, সে ফিরে না আসা পর্যন্ত আল্লাহর রাস্তায়।

আনাস রাদিয়াল্লাহু ‘আনহু থেকে মারফু‘ হিসেবে বর্ণিত, “যে ব্যক্তি ইলম শেখার
উদ্দেশ্যে বের হলো, সে ফিরে না আসা পর্যন্ত আল্লাহর রাস্তায়।”
[হাসান] [এটি তিরমিযী বর্ণনা করেছেন।]

হাদীসটির অর্থ: যে ব্যক্তি তার ঘর বা শহর থেকে শর‘ঈ ইলমের অনুসন্ধানে বের হবে, সে বাড়িতে তার পরিবারের নিকট ফিরে না আসা পর্যন্ত যেন আল্লাহর রাস্তায় জিহাদের উদ্দেশ্যে বের হলো। কারণ, দীনকে জীবিত করা, শয়তানকে অপদস্থ করা এবং প্রবৃত্তিকে কষ্ট দেয়ার ক্ষেত্রে সে একজন মুজাহিদের মতো।

https://sunnah.global/hadeeth/bn/show/4191